ঢাকা, মঙ্গলবার, ২ জুলাই ২০০২
১৮ আষাঢ় ১৪০৯, ২০ রবিউস সানি ১৪২৩
রেজিঃ নং ডিএ ১৮৮০, বর্ষ ৪, সংখ্যা ২৪
www.prothom-alo.com

প্রথম আ

ক লা ম ১

চ্যাংড়াদের বিল

বিগত [illegible] মাসের টেলিফোন বিল এবং মার্চ মাসের টেলিফোন বিল একই তারের মার্চ মাসে গ্রাহক যা বিল পেয়েছেন মে মাসেও একই অর্থাৎ সমপরিমাণ টাকার বিল পেয়েছেন। ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জে এমন ভৌতিক বিল পাওয়ায় গ্রাহকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে স্থানীয় টেলিফোন বিভাগের কর্মকর্তাদের জিজ্ঞাসা করা হলে তারা কোনো সদুত্তর দিতে পারেনি।
-কিশোরগঞ্জ প্রতিনিধি

এই প্রথম লাভ

স্বাধীনতার পর এই প্রথম জনতা ব্যাংক রাজশাহী বিভাগে লাভের মুখ দেখল। জনতা ব্যাংকের রাজশাহী বিভাগের ২২৫টি শাখার মাধ্যমে জানুয়ারি ২০০২ থেকে গত ৩০ জুন ৬ মাসে লাভ করেছে ১৫ লাখ টাকা। এটা নিট মুনাফা বলে ব্যাংকের একটি নির্ভরযোগ্য সূত্র থেকে জানা গেছে। সূত্র মতে, স্বাধীনতার পর থেকে জনতা ব্যাংকের রাজশাহী বিভাগীয় শাখাগুলো ক্রমাগতভাবে লোকসান দিয়ে আসছিল। *-রাজশাহী অফিস*

অবশেষে ২১ শিক্ষানবিশ এএসপিকে চাকরিচ্যুত করা হলো

নিজস্ব প্রতিবেদক

অবশেষে সারদা পুলিশ একাডেমির এক বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ সম্পন্নকারী এবং ২০তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ ৩৩ শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারের মধ্যে ২১ জনকে গতকাল সোমবার চাকরিচ্যুত করা হয়েছে। প্রথমে ২২ জনকে এরপর পৃষ্ঠা ২ কলাম ২

উ দ্ধৃ তি

[illegible] কিংবদন্তি ডিয়েগো ম্যারাডোনা [illegible] সম্পর্কে জাপানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে

[illegible] একজন রাজনীতিক। তিনি আমার

সরকারি কর্মচারী ছাঁটাই হবে

প্রাথমিকভাবে ৬টি মন্ত্রণালয় ও বিভাগ চিহ্নিত ❑ একজন কর্মকর্তার অধীনে একজন কর্মচারী থাকবেন

শ্যামল সরকার

ব্যয় কমাতে সরকার "অপ্রয়োজনীয়" জনবল ছাঁটাই করতে যাচ্ছে। জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশের আলোকে সরকার প্রশাসনের সর্বস্তরে একজন কর্মকর্তার অধীনে একজন কর্মচারী রাখার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। প্রাথমিকভাবে ছয়টি মন্ত্রণালয় ও বিভাগে এ সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দেওয়া হয়েছে। প্রাথমিক এ উদ্যোগ সফল হলে আরো সরকারি কর্মচারী ছাঁটাই করা হতে পারে বলে জানা গেছে।

দাতাদের উপর্যুপরি চাপের মুখে সরকার জনপ্রশাসন সংস্কার কমিশনের এ সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে। সরকারের আয়তন ও ব্যয় কমাতে সরকারী কর্মচারীদের ছাঁটাইয়ের পাশাপাশি বিভিন্ন বিভাগ, দপ্তর, অধিদপ্তর, সংস্থা বিলুপ্ত বা মন্ত্রণালয়ে একীভূত করা হতে পারে।

সরকারি নিয়মিত স্থায়ী কর্মচারীদের ছাঁটাইয়ের পর প্রয়োজনে চুক্তিভিত্তিক নিয়োগ দিয়ে সরকারের কিছু রুটিন কাজ চালানোর কথাও ভাবা হচ্ছে।

জনপ্রশাসন সংস্কার কমিশনের অবাস্তবায়িত সুপারিশ পর্যালোচনায় গঠিত সচিব কমিটির সুপারিশ অনুযায়ী এসব সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ নেওয়া হয়েছে।

বর্তমানে মন্ত্রণালয় ভেদে বিভিন্ন শাখায় একজন কর্মকর্তার অধীনে তিন-চার জন পর্যন্ত কর্মচারী (নন-ক্যাডার সহকারী সচিব, স্টেনো টাইপিস্ট, প্রশাসনিক কর্মকর্তা, পিয়ন ইত্যাদি) রয়েছেন। নতুন সিদ্ধান্ত ব্যাস্তবায়িত হলে সচিবালয়সহ প্রশাসনের সর্বস্তরের সকল শাখায় একজন কর্মকর্তার অধীনে একজন করে সহায়ক কর্মচারী থাকবেন।

এ ব্যাপারে জনপ্রশাসন সংস্কার কমিশনের অবাস্তবায়িত সুপারিশ পর্যালোচনায় গঠিত সচিব কমিটির একজন সদস্য নাম প্রকাশ না করার শর্তে প্রথম আলোকে বলেন, সরকারের ব্যয় সঙ্কোচন নীতি বাস্তবায়ন এবং দাতাদেশগুলোর চাপে প্রশাসনের 'অপ্রয়োজনীয়' জনবল ছাঁটাই করার উদ্যোগ নেওয়া এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

রোনালদো ক্রেজে যখন দুনিয়া কাত তখন তিনি নিজে মজেছেন জাপান-প্রেমে। প দেশের পথে রওনা হয়ে গেছেন এই সুপারস্টার। নারিতার নিউ টোকিও ইন্টা রোনালদোর মাথায় 'সামুরাই পরচুলা' দেখে জাপানি ভক্তরা খুশিতে আটখানা

বিচারপতি নিয়োগ ইস্যু : সুপ্রিম কোর্ট বার বিভক্ত, পাল্টাপাল্টি সভা

নিজস্ব প্রতিবেদক

দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টে বিচারপতি নিয়োগ নিয়ে নানামুখী ঘটনা-রটনায় গতকাল সোমবার আদালত অঙ্গন উত্তপ্ত ছিল। জাতীয়তাবাদী আইনজীবীদের বাধার মুখে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির তলবি সভা পণ্ড হলেও পরে দু দল আইনজীবী পৃথক সভা করে পরস্পরের বিরুদ্ধে অভিযোগ সংবলিত প্রস্তাব পাস করেছেন। অন্যদিকে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের এক সভায় আইনমন্ত্রী, অ্যাটর্নি জেনারেল ও বিএনপির আইনজীবী নেতাদের সমালোচনা করা হয়েছে। অ্যাটর্নি জেনারেল ও শীর্ষস্থানীয় আইনজীবী ব্যারিস্টার সৈয়দ ইশতিয়াক আহমেদের বিরুদ্ধে লিফলেটও ছাড়া হয়েছে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নামে। এসব ঘটনাই আবর্তিত হয় বিচারপতি নিয়োগকে কেন্দ্র করে।

উল্লেখ্য, শিগগিরই সংবিধানের ৯৮ অনুচ্ছেদ অনুযায়ী হাইকোর্ট বিভাগে সাতজন অতিরিক্ত বিচারপতি নিয়োগ দেওয়া হবে। এ সপ্তাহেই এ নিয়োগ সম্পন্ন হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। গতকাল সোমবার দুপুরে প্রধান বিচারপতির সঙ্গে তার চেম্বারে বৈঠকে মিলিত হন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ। এ বৈঠকে বিচারপতি নিয়োগ নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

বিকেল ৪টায় সুপ্রিম কোর্ট আইনজীবী এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

মন্ত্রিসভার আয়তন এবার ছোট করা হচ্ছে

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া তার বিশাল মন্ত্রিসভার আয়তন ছোট করতে যাচ্ছেন। চলতি সপ্তাহের মধ্যে এ পরিবর্তন হতে পারে। সরকারের দায়িত্বশীল সূত্র থেকে জানা গেছে, ৪ জন পূর্ণ মন্ত্রী, ১০/১২ জন প্রতিমন্ত্রী, দুজন উপমন্ত্রীর মন্ত্রিত্ব হারানোর সম্ভাবনা রয়েছে। পরিবর্তিত মন্ত্রিসভার আকার ৬০ জন থেকে ৪০/৪৫-এর মধ্যে নিয়ে আসা হতে পারে। এছাড়া বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্যের মন্ত্রিসভায় স্থান

রোনালদোর বি

ক্রীড়া প্রতিবেদক

বিশ্বকাপে তুমি কী করতে চাও? কয়টা গোল করার ইচ্ছা? নিজের মতো করে লিখো এবং যা লিখবে তা-ই হবে। নিশ্চিত।

মনে করুন বিশ্বকাপের ঠিক আগে বলছেন বিশ্বকাপের আগে অলৌকিক ক্ষমতাসম্পন্ন কেউ এ রোনালদোকে এই প্রস্তাব দিয়ে রোনালদো কীভাবে সাজাতেন সেই যেভাবেই সাজান, সেমিফাইনাল-ফাই গোল সব মিলিয়ে ৮টি গোল্ডেন বু এতটা একসঙ্গে চাইতেন না তিনি। নি